প্রশিক্ষণ ম্যানুয়াল
ইংরেজি

৩য় দিন

অধিবেশন শিরোনাম: ইংরেজি শিক্ষাক্রম ২০১১

সময়: ৪৫ মি. (০২:৪৫ – ৩.৩০)

অধিবেশনের উদ্দেশ্য:

- প্রাথমিক শিক্ষাস্তরের ইংরেজি শিক্ষাক্রমের কাঠামো এবং বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবেন।
- প্রাথমিক শিক্ষাক্রমে নতুন সংযোজিত বিষয়সমূহ চিহ্নিত করতে পারবেন।
- প্রাথমিক শিক্ষক্রমের লক্ষ্য, উদ্দেশ্য, প্রান্তিক যোগ্যতা এবংইংরেজি বিষয়ের প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফলের মধ্যে সম্পর্ক নির্ণয় করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রী:

- ইংরেজি শিক্ষাক্রমের কপি ২০১১ (তথ্যপত্র ০১) এবং ২০০৩(তথ্যপত্র ০২)
- পোস্টার পেপার, মার্কার, ফ্লিপ চার্ট, বোর্ড, VIPPকার্ড, কাঁচি ইত্যাদি
- পাঠ্যপুস্তক

কাজের বিবরণ

কাজ ০১: শিক্ষক্রমের কাঠামো ও বৈশিষ্ট্য

- অংশগ্রহণকারীগণকে শুভেচ্ছা জানিয়ে আজকের অধিবেশনের বিষয়বস্তু সম্পর্কে প্রাথমিক ধারণা দিন।
- অংশগ্রহণকারীগণ কয়েকটি দলে ভাগ করে তাদেরকে ইংরেজি ্শিক্ষাক্রম ২০১১ এর কপি(তথ্যপত্র ০১) সরবরাহ করুন। এরপর তাদেরকে দলে শিক্ষাক্রম নিয়ে আলোচনা করে শিক্ষাক্রমের কাঠামো ও বৈশিষ্ট্যের তালিকা প্রস্তুত করে পোস্টার পেপারে উপস্থাপন করতে বলুন। এই কাজটি করার সময় প্রতিটি দলের কাজ পর্যবেক্ষণ করুন এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করুন।
- এরপর মড্যুলের বিষয়বস্তু থেকে শিক্ষাক্রমের কাঠামো ও বৈশিষ্ট্য উপস্থাপন করুন এবং প্রতিটি দলকে তাদের দলীয় উপস্থাপনের সাথে মিল করতে বলুন।

কাজ ০২: শিক্ষাক্রমের নতুন সংযোজিত বিষয়সমুহ চিহ্নিতকরণ

- এবার অংশগ্রহণকারীগণকে দলগতভাবে শিক্ষাক্রম২০০৩ এর ্কপি(তথ্যপত্র ০২)এবং VIPP কার্ড সরবরাহ করুন।
- ২০০৩ শিক্ষাক্রমের সাথে তুলনা করে শিক্ষাক্রম ২০১১ এর সংযোজিত নতুন বিষয়সমূহ চিহ্নিত করে কার্ডে লিখতে বলুন।
- এবার প্রতি দল থেকে একজনকে বোর্ডে এসে তাদের কার্ড লাগিয়ে দিতে বলুন। এসময় বিষয়বস্তু থেকে নতুন সংযোজিত বিষয় উপস্থাপন করে অংশগ্রহণকারীদের সঠিক ধারণা লাভে সহায়তা প্রদান করুন।

কাজ ০৩: প্রাথমিক শিক্ষাক্রমের লক্ষ্য, উদ্দেশ্য, প্রান্তিক যোগ্যতা এবং ইংরেজি বিষয়ের প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফলের মধ্যে সম্পর্ক নির্ণয়

- ভাষার চারটি দক্ষতার প্রতিটি থেকে কেঁটে কেঁটে দুইটি প্রান্তিক যোগ্যতা এবং তার অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল এলোমেলো করে প্রত্যেক দলকে সরবরাহ করুন। (তথ্যপত্র ০৩)
- তাদেরকে দলে আলোচনা করে শিক্ষাক্রমের প্রাথমিক শিক্ষাক্রমের লক্ষ্য, উদ্দেশ্য, প্রান্তিক যোগ্যতা এবংইংরেজি বিষয়ের প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফলের মধ্যে সম্পর্ক নির্ণয় করে ধারাবাহিকভাবে উপস্থাপন করতে বলুন।

কাজ ০৪: মূল্যায়ন ও ফিডব্যাক

- অংশগ্রহণকারীগণকে শিক্ষাক্রম সর্ম্পকিত ২/৩টি প্রশ্ন করুন এবং প্রয়োজনে সহায়তা দিন। যেমন:

  ক. প্রতিটি মৌলিক ভাষা দক্ষতার জন্য ইংরেজি বিষয়ে কয়টি প্রান্তিক যোগ্যতা নির্ধারণ করা হয়েছে?
  খ. বর্তমান শিক্ষাক্রমে কোন কোন দক্ষতার উপর গুরুত্বারোপ করা হয়েছে এবং কেন?
  গ. লেখার ক্ষেত্রে কোন দুইটি প্রান্তিক যোগ্যতা নতুনভাবে সংযোজিত হয়েছে? ইত্যাদি।

- অংশগ্রহণকারীগণের কোনো বিষয়ে অস্পষ্টতা থাকলে তাদেরকে প্রশ্ন করতে উৎসাহিত করুন।

৩য় দিন

অধিবেশন শিরোনাম: ১ম ও ২য় শ্রেণির পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ পরিচিতি এবং ডিজিটাল উপকরণ উপস্থাপন

সময়: **১.৩০ মি. (০৩:৩০-০৫:০০) (পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ পরিচিতি ১ ঘণ্টা এবং ডিজিটাল উপকরণ উপস্থাপন ১.৩০ মিনিট)**

উদ্দেশ্য:

- পাঠ্যপুস্তকের কাঠামো ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবেন।
- পাঠপুস্তকের বিষয়বস্তু থেকে সংশ্লিষ্ট শিখনফল, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা ও প্রান্তিক যোগ্যতা, উদ্দেশ্য, লক্ষ্য চিহ্নিত করতে পারবেন।
- শিক্ষক সংস্করণের কাঠামো ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবেন।
- ডিজিটাল শিক্ষা উপকরণ ব্যবহার করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রী:

- ১ম ও ২য় শ্রেণির পাঠ্যপুস্তক
- ১ম ও ২য় শ্রেণির শিক্ষক সংস্করণ
- মাল্টিমিডিয়া/প্রজেক্টর/ল্যাপটপ/কম্পিউটার/ মোবাইল ফোন
- ডিজিটাল উপকরণ সম্বলিত সিডি
- মার্কার, ফ্লিপ চার্ট, বোর্ড, পোস্টার পেপার ইত্যাদি

কাজের বিবরণ

কাজ ০১: ১ম ও ২য় শ্রেণির পাঠ্যপুস্তকের কাঠামো ও বৈশিষ্ট্য

- অংশগ্রহণকারীগণকে এই অধিবেশনের বিষয়বস্তু সম্পর্কে বলুন।
- অংশগ্রহণকারীগণকে৬টি দলে ভাগ করেতিনটি দলকে ১ম শ্রেণির ও বাকি তিনটি দলকে ২য় শ্রেণির পাঠ্যপুস্তক সরবরাহ করুন।
- তাদেরকে দলে আলোচনা করে পাঠ্যপুস্তকের কাঠামো ও বৈশিষ্ট্য পোস্টার পেপারে লিখতে বলুন। এসময় তাদের কাজ পর্যবেক্ষণ করুন এবং প্রয়োজনে সহায়তা প্রদান করুন।
- দলের যেকোনো একজনকে তাদের কাজ উপস্থাপন করতে বলুন।

- বিষয়বস্তু থেকে পাঠ্যপুস্তকের কাঠামো ও বৈশিষ্ট্য উপস্থাপন করুন (তথ্যপত্র ০৪) এবং তাদের কাজের সাথে মিল রেখে সঠিক ধারণা লাভে সহায়তা করুন।

কাজ ০২: পাঠপুস্তকের বিষয়বস্তু থেকে সংশ্লিষ্ট শিখনফল, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, বিষয়ভিত্তিক প্রান্তিক যোগতা, উদ্দেশ্য ও লক্ষ্য এবং প্রান্তিক যোগ্যতা চিহ্নিতকরণ

- তিনটি দলকে ১ম শ্রেণির একটি নির্দিষ্ট পাঠ এবং অপর তিনটি দলকে ২য় শ্রেণির একটি নির্দিষ্ট পাঠ নির্বাচন করে সেই পাঠ থেকে সংশ্লিষ্ট শিখনফল চিহ্নিত করতে বলুন। এক্ষেত্রে ভাষা দক্ষতার যেকোনো তিনটি দক্ষতা সম্বলিত পাঠ নির্বাচন করতে বলুন।
- তথ্যপত্র ০৩ এ প্রদত্ত শিখনফলের সাথে শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, প্রান্তিক যোগ্যতা উদ্দেশ্য ও লক্ষ্যের সাথে মিল করে পোস্টার পেপারে Flow chartতৈরি করতে বলুন। এসময় প্রয়োজনীয় সহায়তা প্রদান করুন।
- কাজ শেষে প্রতি দল থেকে যেকোনো একজনকে তাদের কাজ উপস্থাপন করতে বলুন।
- Plenaryতেআলোচনার মাধ্যমে এসম্পর্কে সঠিক ধারণা লাভে সহায়তা করুন।

কাজ ০৩: ১ম ও ২য় শ্রেণির শিক্ষক সংস্করণের কাঠামো ও বৈশিষ্ট্য

- প্রতিটি দলকে শিক্ষক সংস্করণের কপি সরবরাহ করুন
- দলীয় আলোচনার মাধ্যমে শিক্ষক সংস্করণের কাঠামো ও বৈশিষ্ট্য পোস্টার পেপারে উপস্থাপন করতে বলুন।
- উপস্থাপন শেষে বিষয়বস্তু থেকে শিক্ষক সংস্করণের কাঠামো ও বৈশিষ্ট্য উপস্থাপন করুন (তথ্যপত্র ০৪) এবং অংশগ্রহণকারীদের সঠিক ধারণা লাভে সহায়তা করুন।
- এবার কাজ ০২ এ উপস্থাপিত পাঠের শিখনফলগুলোর সাথে শিক্ষক সংস্করণের সংশ্লিষ্ট পাঠের শিখনফলের মিল খুঁজে বের করতে বলুন। প্রয়োজনে ব্যাখ্যা দিন।

কাজ ০৪: ডিজিটাল শিক্ষা উপকরণ ব্যবহার

- অংশগ্রহণকারীদের তথ্যপত্র ০৫ অনুযায়ী ডিজিটাল শিক্ষা উপকরণ সম্পর্কে অবহিত করুন।
- অংশগ্রহণকারীদের ৫টি দলে তথ্যপত্র ০৬ সরবারহ করুন এবং দলীয় আলোচনায় **Classroom** ফোল্ডার ও শ্রেণিকক্ষে অডিওর ব্যবহার সম্পর্কে পড়তে বলুন। এই কাজের জন্য ০৫ মিনিট সময় নির্ধারণ করে দিন। তাদের পড়া শেষ হলে কয়েকজনকে এসম্পর্কে বলতে বলুন এবং প্রয়োজনে সংযোজনের মাধ্যমে বিষয়টি পরিষ্কার করুন। এবারC1U27L1-3Bঅডিওটি প্লে করুন এবং অংশগ্রহণকারীদের অডিওর সাথে সাথে অঙ্গভঙ্গির মাধ্যমে গানটি গাইতে সহায়তা করুন, প্রয়োজনে শিক্ষক সংস্করণের সহায়তা নিন। কাজ

শেষে তাদেরকে বলুন 'শিক্ষক সংস্করণ অনুসরণ করে তারাও একইভাবে ক্লাসে বিভিন্ন ধরনের অডিও ব্যবহার করতে পারেন।'

- অংশগ্রহণকারীদের ৫টি দলে তথ্যপত্র ০৭ সরবরাহ করুন এবং দলীয় আলোচনায় **Teacher** ফোল্ডার ও পেশাগত উন্নয়ন সম্পর্কিত ভিডিওর ব্যবহার সম্পর্কে পড়তে বলুন। এই কাজের জন্য ০৫ মিনিট সময় নির্ধারণ করে দিন।এবার TD_S01U02 ভিডিওটি প্লে করুন এবং অংশগ্রহণকারীদের ভিডিও গাইডের সাথে পরিচয় করিয়ে দিন। ভিডিও গাইডের প্রশ্নের সময় ভিডিওটি থামিয়ে (Pause) দিয়ে অংশগ্রহণকারীদের উত্তর দিতে উৎসাহিত করুন। এরপর ভিডিওটি আবার প্লে করুন। এভাবে ভিডিওটি ৩ মিনিট পর্যন্ত প্লে করুন। কাজটি শেষে তাদেরকে বলুন ' এই ভিডিওগুলো এক একটি কৌশলের উপর ভিত্তি করে তৈরি করা যা তারা তাদের প্রয়োজন অনুযায়ী দেখে নিয়ে শ্রেণিকক্ষে প্রয়োগ করতে পারেন।'

- অংশগ্রহণকারীদের ৫টি দলে তথ্যপত্র ০৮ সরবরাহ করুন এবং দলীয় আলোচনায় **EL4T** ফোল্ডার ও এর ব্যবহার সম্পর্কে পড়তে বলুন। এই কাজের জন্য ০৩ মিনিট সময় নির্ধারণ করে দিন।এবার01 Greetingsঅডিওটি প্লে করুন এবং অংশগ্রহণকারীদের অডিও শুনে শুনে তাদের নোটবুকে অডিও গাইডের নির্দেশনা অনুযায়ী কাজগুলো করতে বলুন। এক্ষেত্রে **১ম** কাজটি পর্যন্ত প্লে করুন, পুরো অডিও বাজানোর প্রয়োজন নেই। কাজটি শেষে তাদেরকে বলুন 'এই অডিওগুলোনিয়ে তারা তাদের সুবিধামতো সময়ে কাজ করতে পারেন।এসম্পর্কে আরো বিস্তারিত ধারনা শিক্ষক সংস্করণের সাধারণ নির্দেশনার ডিজিটাল অংশ দেখতে পারেন।'

কাজ ০৫: মূল্যায়ন ও ফিডব্যাক

- অংশগ্রহণকারীদেরকে অধিবেশন সর্ম্পকিত ২/৩টি প্রশ্ন করুন এবং প্রয়োজনে সহায়তা দিন। যেমন:

  ক. পাঠ্যপুস্তকের শেষে শব্দ তালিকা সংযোজনের সুবিধা কী?
  খ.শিক্ষক সংস্করণের ৫টি বৈশিষ্ট বলুন।
  গ. শিখন শেখানো কার্যাবলিতে ডিজিটাল উপকরণ কীভাবে সাহায্য করতে পারে? ভিডিও উপকরণগুলো কি আপনি ক্লাসে ব্যবহার করবে ? ইত্যাদি।

- অংশগ্রহণকারীগণের কোন বিষয়ে অস্পষ্টতা থাকলে তাদেরকে প্রশ্ন করতে উৎসাহিত করুন।

নোট: পরবর্তী দিনের প্রর্দশনী পাঠ ও অনুশীলনী পাঠ উপস্থাপন সম্পর্কে অংশগ্রহণকারীদের অবহিত করুন। এক্ষেত্রে অনুশীলনী পাঠের জন্যClass 2 Lesson 4-6, page 3 এর পাঠ উল্লেখ করে উপস্থাপক নির্বাচন করুন এবং পাঠ পরিকল্পনা প্রস্তুত করে আনতে বলুন/ শিক্ষক সংস্করণ থেকে নির্দিষ্ট পাঠের শিখন শেখানো কার্যাবলি দেখে আসতে বলুন।

৪র্থ দিন

অধিবেশন শিরোনাম: ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ পরিচিতি

সময়: ১.৩০ মি. (৯:০০ -১০:৩০)

উদ্দেশ্য:

- পাঠ্যপুস্তকের কাঠামো ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবেন।
- পাঠপুস্তকের বিষয়বস্তু থেকে সংশ্লিষ্ট শিখনফল, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, প্রান্তিক যোগ্যতা, উদ্দেশ্য ও লক্ষ্য চিহ্নিত করতে পারবেন।
- শিক্ষক সংস্করণের কাঠামো ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রী:

- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক
- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষক সংস্করণ
- মার্কার, ফ্লিপ চার্ট, বোর্ড, পোস্টার পেপার ইত্যাদি

কাজের বিবরণ

কাজ ০১: ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্যপুস্তকের কাঠামো ও বৈশিষ্ট্য

- অংশগ্রহণকারীগণকে শুভেচ্ছা জানিয়ে আজকের অধিবেশনের বিষয়বস্তু সম্পর্কে বলুন।
- অংশগ্রহণকারীগণকে৬টি দলে ভাগ করেদুইটি দলকে ৩য়, দুইটি দলকে ৪র্থও বাকি দুইটি দলকে ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক সরবরাহ করুন।
- তাদেরকে দলে আলোচনা করে পাঠ্যপুস্তকের কাঠামো ও বৈশিষ্ট্য পোস্টার পেপারে লিখতে বলুন। এসময় তাদের কাজ পর্যবেক্ষণ করুন এবং প্রয়োজনে সহায়তা প্রদান করুন।
- দলের যেকোনো একজনকে তাদের কাজ উপস্থাপন করতে বলুন।
- বিষয়বস্তু থেকে পাঠ্যপুস্তকের কাঠামো ও বৈশিষ্ট্য উপস্থাপন করুন(তথ্যপত্র ০৯) এবং তাদের কাজের সাথে মিল রেখে সঠিক ধারণা লাভে সহায়তা করুন।

কাজ ০২: পাঠপুস্তকের বিষয়বস্তু থেকে সংশ্লিষ্ট শিখনফল, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, প্রান্তিক যোগ্যতা, উদ্দেশ্য ও লক্ষ্য চিহ্নিতকরণ

- প্রথম দুইটি দলকে ৩য় শ্রেণির একটি নির্দিষ্ট পাঠ, পরের দুইটি দলকে ৪র্থ শ্রেণির এবং শেষ দুইটি দলকে ৫ম শ্রেণির একটি নির্দিষ্ট পাঠ নির্বাচন করে সেই পাঠ থেকে সংশ্লিষ্ট শিখনফল চিহ্নিত করতে বলুন। এক্ষেত্রে ভাষা দক্ষতার কমপক্ষে যেকোনো তিনটি দক্ষতা সম্বলিত পাঠ নির্বাচন করতে বলুন।
- তথ্যপত্র ০৩ এ প্রদত্ত শিখনফলের সাথে শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, প্রান্তিক যোগ্যতা, উদ্দেশ্য ও লক্ষ্য মিল করে পোস্টার পেপারে Flow chart তৈরি করতে বলুন। এসময় প্রয়োজনীয় সহায়তা প্রদান করুন।
- কাজ শেষে প্রতি দল থেকে যেকোনো একজনকে তাদের কাজ উপস্থাপন করতে বলুন।
- Plenaryতে আলোচনার মাধ্যমে এসম্পর্কে সঠিক ধারণা লাভে সহায়তা করুন।

কাজ ০৩: ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষক সংস্করণের কাঠামো ও বৈশিষ্ট্য

- প্রতিটি দলকে শিক্ষক সংস্করণের কপি সরবারহ করুন।
- দলীয় আলোচনার মাধ্যমে শিক্ষক সংস্করণের কাঠামো ও বৈশিষ্ট্য পোস্টার পেপারে উপস্থাপন করতে বলুন।
- উপস্থাপন শেষে বিষয়বস্তু থেকে শিক্ষক সংস্করণের কাঠামো ও বৈশিষ্ট্য উপস্থাপন করুন(তথ্যপত্র ০৯) এবং অংশগ্রহণকারীদের সঠিক ধারণা লাভে সহায়তা করুন।
- এবার কাজ ০২ এ উপস্থাপিত পাঠের শিখনফলগুলোর সাথে শিক্ষক সংস্করণের সংশ্লিষ্ট পাঠের শিখনফলের মিল খুঁজে বের করতে বলুন। প্রয়োজনে ব্যাখ্যা দিন।

কাজ ০৪: মূল্যায়ন ও ফিডব্যাক

- অংশগ্রহণকারীদেরকে অধিবেশন সর্ম্পকিত ২/৩টি প্রশ্ন করুন এবং প্রয়োজনে সহায়তা দিন। যেমন:

  ক. ৪র্থ ও ৫ম শ্রেণিতে কী কী নতুন বিষয়বস্তু সংযোজন করা হয়েছে?
  খ. ৫টি classroom language বলুন। Classroom language ক্লাসে ব্যবহার করা প্রয়েজনীয় কেন?

- অংশগ্রহণকারীগণের কোনো বিষয়ে অস্পষ্টতা থাকলে তাদেরকে প্রশ্ন করতে উৎসাহিত করুন।

৪র্থ দিন

অধিবেশন শিরোনাম: ইংরেজি মূল্যায়ন পদ্ধতি ও কৌশল

সময়: ১.২০ মি. (১১:০০-১২:২০)

উদ্দেশ্য:

- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের সাধারণ নির্দেশনা অনুসরণ করতে পারবেন।
- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের জন্য নম্বর বণ্টন ব্যবহার করতে পারবেন।
- চারটি ভাষাদক্ষতার ধারাবাহিক মূল্যায়নের কাঠামো ও শিক্ষক সংস্করণের শিখন শেখানো কার্যাবলি অনুসরণ করে শিক্ষার্থীদের মূল্যায়ন করতে পারবেন।
- চারটি ভাষাদক্ষতার সামষ্টিক মূল্যায়নের কাঠামো অনুসরণ করে শিক্ষার্থীদের মূল্যায়ন করতে পারবেন।
- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র তৈরি করতে পারবেন।
- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের তথ্য সংরক্ষণের ক্ষেত্রে প্রদত্ত ফরম ব্যবহার করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রী:

- ১ম- ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক
- ১ম- ৫ম শ্রেণির শিক্ষক সংস্করণ
- মূল্যায়ন পদ্ধতির কৌশল ও টুলস সংক্রান্ত তথ্যপত্র
- মার্কার, ফ্লিপ চার্ট, বোর্ড, পোস্টার পেপার ইত্যাদি

কাজের বিবরণ (কাজ ০১ থেকে ০৫ পর্যন্ত তথ্যপত্র ১০)

কাজ ০১: ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের সাধারণ নির্দেশনা ও নম্বর বণ্টন পরিচিতি

- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের সাধারণ নির্দেশনা ও নম্বর বণ্টন পরিচিতি সম্পর্কিত তথ্যপত্র সরবরাহ করে জোড়ায়/দলে আলোচনা করতে বলুন। এসময় ঘুরে ঘুরে তাদের কাজ পর্যবেক্ষণ করুন।
- Plenaryতে প্রশ্ন-উত্তরের মাধ্যমে বিষয়টি স্পষ্ট করুন।

কাজ ০২: চারটি ভাষাদক্ষতার ধারাবাহিক মূল্যায়নের কাঠামো পরিচিতি

- অংশগ্রহণকারীগণকে ৫টি দলে ভাগ করে ধারাবাহিক মূল্যায়ন কাঠামো সংক্রান্ত তথ্যপত্র সরবরাহ করে দলে আলোচনা করতে বলুন। এসময় ঘুরে ঘুরে তাদের কাজ পর্যবেক্ষণ করুন।
- Plenary তে প্রশ্ন-উত্তরের মাধ্যমে বিষয়টি স্পষ্ট করুন।

কাজ ০৩: চারটি ভাষা দক্ষতার সামষ্টিক মূল্যায়নের কাঠামো পরিচিতি

- অংশগ্রহণকারীগণকে ৫টি দলে ভাগ করে সামষ্টিক মূল্যায়ন কাঠামো সংক্রান্ত তথ্যপত্র সরবরাহ করে দলে আলোচনা করতে বলুন। এসময় ঘুরে ঘুরে তাদের কাজ পর্যবেক্ষণ করুন।
- Plenary তে প্রশ্ন-উত্তরের মাধ্যমে বিষয়টি স্পষ্ট করুন।

কাজ ০৪: ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের তথ্য সংরক্ষণের ফরম

- অংশগ্রহণকারীগণকেধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নে তথ্য সংরক্ষণ ছকটি সরবরাহ করে জোড়ায় আলোচনা করতে বলুন। এসময় ঘুরে ঘুরে তাদের কাজ পর্যবেক্ষণ করুন।
- Plenary তে প্রশ্ন-উত্তরের মাধ্যমে বিষয়টি স্পষ্ট করুন।

কাজ ০৫: ধারাবাহিক মূল্যায়ন কাঠামো অনুশীলন

- ধারাবাহিক মূল্যায়নের কাঠামো অনুযায়ী **Class 2, Unit 12, Lesson 4-6 A, page 25**ব্যবহার করে নিচের ছকটি প্রশ্ন উত্তরের মাধ্যমে বোর্ডে/পোস্টারে লিখে পূরণ করুন।

মূল্যায়নের ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ

কাজ ০৬: সামষ্টিক মূল্যায়নের আলোকে প্রশ্নপত্র প্রণয়ন

- অংশগ্রহণকারীগণকেসামষ্টিক মূল্যায়নের প্রশ্ন কাঠামো দেখতে বলুনও বিষয়টি Plenary তে ব্যাখ্যা করুন।
- এবার Unseen comprehensionএর প্রদত্ত Textটি (তথ্যপত্র ১১)সরবরাহ করুন এবং দলে সামষ্টিক মূল্যায়নের আলোকে প্রশ্নপত্র তৈরি করে পোস্টারে লিখতে বলুন। এক্ষেত্রে প্রত্যেক দলকে লটারির মাধ্যমে একটি করে আইটেম (MCQ, True/False, Fill in theblanks, Matching, Short answer questions) বাছাই করে দুটি প্রশ্ন তৈরি করতে বলুন।
- কাজটি সম্পন্ন করে তাদেরকে পোস্টারগুলো Market place এ প্রদর্শন করতে বলুন এবং সবাইকে পোস্টারগুলো দেখে তাদের মন্তব্য/মতামত প্রদান/সংযোজন করতে বলুন।

কাজ ০৭: মূল্যায়ন ও ফিডব্যাক

- অংশগ্রহণকারীগণকে অধিবেশন সর্ম্পকিত কয়েকটি প্রশ্ন করুন এবং প্রয়োজনে সহায়তা দিন। যেমন:

  ক. ১ম-৫ম শ্রেণি পর্যন্ত ধারাবহিক মূল্যায়নে শোনা, বলা, পড়া ও লেখার ক্ষেত্রে যথাক্রমে কত নম্বর রাখা হয়েছে?

খ. শ্রেণিভেদে প্রান্তিক পরীক্ষায় সামষ্টিক মূল্যায়নে কত নম্বর রাখা হয়েছে?

গ. ধারাবাহিক মূল্যায়নের ক্ষেত্রে সম্ভাব্য মূল্যায় পদ্ধতি কী?

- অংশগ্রহণকারীগণের কোনো বিষয়ে অস্পষ্টতা থাকলে তাদেরকে প্রশ্ন করতে উৎসাহিত করুন।

৪র্থ দিন

অধিবেশন শিরোনাম: প্রদর্শনী পাঠ: ১ম - ৫ম শ্রেণি

সময়: ৪০ মি. (১২:২০-০১:০০)

উদ্দেশ্য:

- অংশগ্রহণকারীগণ প্রদর্শন পাঠ পর্যবেক্ষণ করে শ্রেণিকক্ষে পাঠ উপস্থাপনের ধারণা লাভ করবেন।
- শিক্ষক সংস্করণ অনুসরণ করে কীভাবে শিখন শেখানো কার্যাবলি পরিচালনা করতে হয় তার ধারণা লাভ করবেন।

প্রশিক্ষণ সামগ্রী:

- ৩য় শ্রেণির পাঠ্যপুস্তক
- ৩য় শ্রেণির শিক্ষক সংস্করণ
- CD/AUDIO, Speaker (If available)
- বোর্ড, মার্কার ইত্যাদি

অধিবেশন পরিচালনা:

- শিক্ষক সংস্করণের প্রদত্ত পাঠ পরিকল্পনা (তথ্যপত্র ১২) অনুসরণ করে পাঠ পরিচালনা করুন।
- পাঠ উপস্থাপন শেষে অংশগ্রহণকারীগণের কোনো প্রশ্ন থাকলে তা ব্যাখ্যা করে বুঝিয়ে দিন।

নোট: পাঠ উপস্থাপনকালে অংশগ্রহণকারীদের পাঠ সম্পর্কিত যে প্রশ্ন(যেমন: How many rats are there in the picture?) করেছেন তা ধারাবাহিক মূল্যায়নের একটি অংশ, যার খসড়া নোট রাখতে হবে এবং এই ধরনের নোট শিক্ষকদের ধারাবাহিক মূল্যায়নের মাসিক ফরম পূরণে সাহায্য করবে- এ বিষয়গুলো বুঝিয়ে দিন।

৪র্থ দিন

অধিবেশন শিরোনাম: অনুশীলন পাঠ: ১ম - ৫ম শ্রেণি

সময়: ৪৫ মি. (০২:০০-০২:৪৫)

উদ্দেশ্য:

- অংশগ্রহণকারীগণ শিক্ষক সংস্করণ অনুসরণ করে কীভাবে শিখন শেখানো কার্যাবলি পরিচালনা করতে হয় তার বাস্তব ধারণা লাভ করবেন।
- অনুশীলন পাঠ অনুসরণ করে শ্রেণিকক্ষে পাঠ পরিচালনা করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রী:

- ২য় শ্রেণির পাঠ্যপুস্তক
- ২য় শ্রেণির শিক্ষক সংস্করণ
- CD/AUDIO, Speaker (If available)
- বোর্ড, মার্কার ইত্যাদি

অধিবেশন পরিচালনা:

- পূর্বদিনের নির্বাচিত শিক্ষককে নির্দিষ্ট পাঠটি (Class 2 Lesson 4-6, page 3) উপস্থাপনের জন্য আহবান করুন।
- পাঠ উপস্থাপন শেষে পর্যবেক্ষণকারীদের ইতিবাচক ফিডব্যাক দিতে উৎসাহিত করুন।
- সবশেষে আপনার গঠনমূলক মতামত পেশ করুন।

তথ্যপত্র ০১ : ইংরেজি শিক্ষাক্রম

পরিমার্জিত প্রাথমিক শিক্ষাক্রমের প্রান্তিক যোগ্যতা ২৯টিরমধ্যে ইংরেজি বিষয়ের সাথে সরাসরি সম্পৃক্ত ১০ নং প্রান্তিক যোগ্যতা হলো -**'বিদেশি ভাষা হিসেবে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতা অর্জন ও ব্যবহার করা'**। এখানে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতা বলতে ভাষার চারটি দক্ষতা বোঝায়। সেগুলো হলো: শোনা, বলা, পড়া ও লেখা (সকল ভাষা অর্জনের ক্ষেত্রে এই চারটি দক্ষতার প্রয়োজন)। শ্রেণিকক্ষে এই দক্ষতাগুলো শিক্ষার্থীদের অর্জনের জন্য এমনভাবে অনুশীলন করাতে হবে যাতে শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে এবং এর বাইরে তাদের বাস্তব জীবনে এই দক্ষতাগুলো প্রয়োগ করতে পারে।

প্রাথমিক শিক্ষাক্রম ২০১১

শিক্ষাক্রমের কাঠামো ও বৈশিষ্ট্য:

- Terminal competence ➡ Attainable competencies ➡ Learning outcomes ➡ Content ➡ Planned activities ➡ Instructions for writers/illustrators
- বর্তমান শিক্ষাক্রমে ১ম শ্রেণি থেকে শিখনফল নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য যে, পুর্বের শিক্ষাক্রমে ১ম ও ২য় শ্রেণির জন্য শিখনফল নির্ধারণ করা ছিল না।
- পরিকল্পিত কাজে(Planned activities) শিক্ষক ও শিক্ষার্থীর কাজ সুনির্দিষ্ট করা হয়েছে।
- sound, stress ও intonation এর উপর জোর দেওয়া হয়েছে। উল্লেখ্য, প্রতিটি শ্রেণিতে কী কীsound শেখানো হবে তা আলাদা আলাদাভাবে উল্লেখ করা হয়েছে।
- শোনা-বলা দক্ষতা অনুশীলন ও মূল্যায়নের জন্য অডিও ভিজ্যুয়াল উপকরণ ব্যবহারের নির্দেশনা দেওয়া হয়েছে।
- বর্তমান শিক্ষাক্রমে শোনা ও বলা দক্ষতার উপর অধিক গুরুত্ব প্রদান করা হয়েছে। এর আলোকে পাঠ্যপুস্তকের বিষয়বস্তুও প্রণয়ন করা হয়েছে।
- লেখক ও চিত্রশিল্পীর জন্য আলাদাভাবে নির্দেশনা দেওয়া হয়েছে।
- Grammar point সুনির্দিষ্ট করা হয়েছে।

তথ্যপত্র ০২: ইংরেজি শিক্ষাক্রম

প্রাথমিক শিক্ষাক্রম ২০০৩

এই ৩১টি প্রান্তিক যোগ্যতার মধ্যে লেখা দক্ষতার ৭নং এবং ১২ নং প্রান্তিক যোগ্যতা নতুনভাবে সংযোজন করা হয়েছে।

তথ্যপত্র ০৩:প্রান্তিক যোগ্যতা এবং ইংরেজি বিষয়ের প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফলের মধ্যে সম্পর্ক

English Curriculum, at a glance



তথ্যপত্র ০৪:১ম ও ২য় শ্রেণির পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ পরিচিতি

পাঠ্যপুস্তক:

- পাঠ্যপুস্তকের শুরুতে একটি সাধারণ নির্দেশনা দেওয়া হয়েছে।
- শিক্ষাক্রমে ভাষা দক্ষতার গুরুত্ব অনুযায়ী পাঠ্যপুস্তকের বিষয়বস্তু প্রণয়ন করা হয়েছে।
- পাঠের কার্যক্রমে শিক্ষার্থীদের সম্পৃক্ত করা হয়েছে।
- বিষয়বস্তু **ইউনিট** ও **পাঠে** বিভক্ত করা হয়েছে। তবে এই পাঠ্যপুস্তকগুলোর বিষয়বস্তু প্রতিটি পিরিয়ডে ভাগ না করে, ২টি বা ৩টি পিরিয়ডে একসাথে উপস্থাপন করা হয়েছে। শিক্ষার্থীদের সামর্থ্য, শ্রেণিকক্ষের অবস্থা ও অবস্থান অনুয়ায়ী শিক্ষকের পিরিয়ডের সংখ্যা নির্ধারণের সুযোগ থাকবে।
- প্রত্যেক পিরিয়ডে পাঠের বিষয়বস্তু উপস্থাপনে **ইনপুট**, **প্র্যাকটিস** এবং **টাস্ক** (আইপিটি) পদ্ধতি অনুসরণ করা হয়েছে।
- পাঠের বিষয়বস্তুপুন:পুন: অনুশীলন করার সুযোগ রাখা হয়েছে।
- সংখ্যা (Ordinal এবং Cardinal) এবং এর গণনা সন্নিবেশ করা হয়েছে।
- পাঠ্যপুস্তকের চিত্রগুলো এমনভাবে সন্নিবেশন করা হয়েছে যাতে শিক্ষার্থীরা পাঠের বিষয়বস্তু সহজে ও আনন্দের সাথে আয়ত্ব করতে পারে। ফলে বয়স ও শ্রেণি অনুযায়ী শিখন তরান্বিত হবে। অধিকাংশ ক্ষেত্রে অ্যানিমেটেড বা কার্টুন চিত্র ব্যবহার করা হয়েছে যা শিক্ষার্থীদের কল্পনাশক্তি বৃদ্ধিতে সহায়তা করবে।
- শ্রেণি অনুযায়ী পাঠ সংশ্লিষ্ট একটি শব্দ তালিকা বইয়ের শেষে সংযোজন করা হয়েছে।
- জীবনঘনিষ্ট বিষয়বস্তু ব্যবহার করা হয়েছে যা কমিউনিকেটিভ এপ্রোচকে আরও জোরদার করেছে।

শিক্ষক সংস্করণ:

- প্রতিটি শিক্ষক সংস্করণের শুরুতেই শিক্ষকদের জন্য এর ব্যবহারের একটি সাধারণ নির্দেশনা দেওয়া হয়েছে।
- বাম পাশে পাঠ্যপুস্তকের বিষয়বস্তু এবং ডান পাশে শিক্ষকের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
- শুরুতেই প্রতিটি লেসনের জন্য অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল, পাঠ বিভাজন নির্ধারণ করা হয়েছে।

- ভাষার দক্ষতা অনুয়ায়ী যোগ্যতাগুলোকে উল্লেখ করা হয়েছে, যাতে শিক্ষক পাঠের বিষয়বস্তু থেকেশিক্ষার্থীদের শিখনফল অর্জনে সহায়তা করতে পারেন।
- পাঠগুলোকে সম্ভাব্য পিরিয়ডে বিভাজন করা হয়েছে ।
- পাঠ বিভাজন অনুযায়ী প্রতিটি পাঠের জন্য নির্দিষ্ট পাঠ্যাংশ, পৃষ্ঠা নম্বর, পাঠের বিষয়বস্তু, উপকরণ, পাঠ অনুযায়ী শিখনফল (নম্বর) ও শিখন-শেখানো কার্যাবলি ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়েছে ।
- শিখন-শেখানো কার্যাবলির মধ্যেই মূল্যায়ন কৌশল ও প্রক্রিয়ার ব্যবস্থা রাখা হয়েছে।
- শিখনফল অনুযায়ী শিখন-শেখানো কার্যাবলিতে প্রতিটি অ্যাক্টিভিটি বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।
- প্রতিটি পাঠের ক্ষেত্রে শিক্ষার্থীদের অংশগ্রহণের উপর ভিত্তি করে অ্যাক্টিভিটিগুলো সাজানো হয়েছে।
- পাঠ সংশ্লিষ্ট ছবি ও অন্যান্য উপকরণ ব্যবহারের সুযোগ রাখা হয়েছে।
- শিক্ষার্থীদের ভাষা দক্ষতা বৃদ্ধিতে উপযুক্ত শিখন-শেখানো কার্যাবলি ও উপকরণ নির্ধারণ করা হয়েছে।
- শিখন-শেখানো কার্যাবলি Communicative Language Teaching – পদ্ধতির উপর ভিত্তি করে সাজানো হয়েছে এবং পাশাপাশি ইংরেজিতে classroom language ব্যবহারের উপর জোর দেওয়া হয়েছে।
- প্রযোজ্য ক্ষেত্রে ডিজিটাল উপকরণের file name শিখন শেখানো কার্যবলিতে উল্লেখ করা হয়েছে।

তথ্যপত্র ০৫ডিজিটাল উপকরণ পরিচিতি

ডিজিটাল উপকরণ শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নে সহায়তা করার পাশাপাশি শিখন শেখানো কার্যক্রমকে আরো কার্যকর করতেও সহায়তা করে। এই শিক্ষক সংস্করণের সাথে সরবরাহকৃত ডিজিটাল উপকরণগুলো Communicative Language Teaching (CLT)-এর বিভিন্ন টেকনিক-এর উপর ভিত্তি করে তৈরি করা। *English for Today*'র পাঠের মধ্য দিয়েই এই উপকরণগুলোর সাহায্যে শিক্ষার্থীদের ইংরেজি শিখন তরান্বিত করা সম্ভব।

সরবরাহকৃতডিজিটাল উপকরণগুলো এসডি কার্ড/সিডি থেকে আপনি মোবাইল ফোন বা কম্পিউটারের মাধ্যমে ব্যবহার করতে পারেন। শিক্ষক সংস্করণের শিখন শেখানো কার্যক্রমে উল্লিখিত অডিও উপকরণগুলো আপনি এই সিডিতে Classroom ফোল্ডারে পাবেন। এর পাশাপাশি এই সিডিতে আরো দুটি ফোল্ডার রয়েছে: Teacherএবং EL4T.

তথ্যপত্র ০৬: ডিজিটাল উপকরণ পরিচিতি

1. Classroom: এই ফোল্ডারটি ক্লাসে শিক্ষার্থীদের অডিও শোনানোর জন্য।

- এখানে শ্রেণিকক্ষে ব্যবহারের জন্য ১ম থেকে ৫ম শ্রেণির প্রতিটি পাঠের জন্য dialogue, story, rhyme, song ইত্যাদির অডিও রয়েছে;
- অডিও ফাইলের নাম *English for Today*'র পাঠের সাথে মিল করে রাখা হয়েছে। যেমন: Class 3, Unit 21, Lesson 1-3, Audio A'র ফাইলের C1 U21 L1-3 A.
- Extra ফোল্ডারে অনেকগুলো song রয়েছে যা শ্রেণিতে ব্যাকরণ (grammatical structure)শেখানোর জন্য ব্যবহার করতে পারেন।
- এই ফোল্ডারে এক সেট ডিজিটাল পোস্টারও রয়েছে। স্কুলে যদি প্রজেক্টরের ব্যবস্থা থাকে তবে এই পোস্টারগুলো আপনি শ্রেণীতে ব্যবহার করতে পারবেন।

শ্রেণিকক্ষে অডিও ব্যবহার

- শ্রেণিতে অডিও বাজানোর পূর্বে অডিওটি কখন শোনাবেন, কোথায় *Pause* দেবেন বা শিক্ষার্থীদের নিয়ে কীভাবে অনুশীলণ করবেন তা আগে থেকে ঠিক করে রাখা ভালো। সব ক্ষেত্রেই অডিও বাজানোর আগে অডিওর বর্ণনা বা অডিওর সঙ্গে সম্পর্কিত পাঠ্যপুস্তকের চিত্র/ছবি নিয়ে আলোচনা করে অথবা অডিওতে ব্যবহৃত শব্দগুলোর অর্থ বোঝানোর মাধ্যমে শিক্ষার্থীদের অডিও শোনার জন্য প্রস্তুত করে নিন।
- শ্রেণিতে অডিও ব্যবহারের সময় যে বিষয়গুলো খেয়াল রাখতে হবে:
  - ছোট আকারের অডিওগুলো একটানা বাজিয়ে শোনাতে পারেন। আর বড়ো আকারের অডিওগুলোতে কিছুক্ষণ পর পর pause (বিরতি) দিয়ে বাজানোই ভালো। তবে বাজানোর পর শিক্ষার্থীরা তা বুঝতে পারল কিনা তা অবশ্যই যাচাই করে নিন। প্রয়োজনে অডিওটি একাধিকবার বাজান।
  - Song বাrhyme'র ক্ষেত্রে প্রতিটি লাইন প্রথমে নিজে বলে দিয়ে শিক্ষার্থীদের দিয়ে গাওয়াতে পারেন। আবার কোনো কোনো ক্ষেত্রে song ওrhyme'র সাথে অঙ্গভঙ্গির ব্যবহারও (Gesture)বেশ কার্যকর।

তথ্যপত্র ০৭: ডিজিটাল উপকরণ পরিচিতি

2. Teacher:এই ফোল্ডারটি শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নে সহায়তা করার জন্য।

- এখানে ভিডিও এবং অডিওর সমন্বয়ে তৈরি ২টি সিরিজের প্রতিটিতে ১২টি করে ইউনিটে বিভক্ত সাব-ফোল্ডার রয়েছে। Series 1-এ ইংরেজি শিক্ষাদানের বিভিন্ন কৌশলগুলোকে প্রাথমিকভাবে পরিচয় করানো হয়েছে। আর Series 2-তে কৌশলগুলোকে আরো বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে।
- এই ভিডিওগুলোতে শ্রেণীতে ইংরেজি পড়ানোর বিভিন্ন কার্যকর পদ্ধতির অনেকগুলো উদাহরণ দেখতে পাবেন। পাশাপাশি, English in Action-এর নির্দিষ্ট কৌশল ব্যবহারের ক্ষেত্রে কয়েকজন অভিজ্ঞ শিক্ষকের অভিজ্ঞতাও শুনতে পাবেন।
- সবগুলো ভিডিওতেই *English for Today*'র লেসন ব্যবহার করা হয়েছে এবং বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেছেন।
- ভিডিওগুলোতে একজন English in Action গাইড টেকনিকগুলো বর্ণনার সাথে সাথে কীভাবে এই টেকনিকগুলো শ্রেণীতে ব্যবহার করা যায়, সে বিষয়েও পরামর্শ দেবেন।
- Supplementary ফোল্ডারে Communicative Language Teaching-এর বিভিন্ন টেকনিকের ভিডিও এবং Extra ফোল্ডারে কিছু ক্লাসরুম অ্যাক্টিভিটি রয়েছে যা আপনি বিভিন্ন লেসন পরিচালনায় ব্যবহার করতে পারেন।

- Phrases নামে আরেকটি ফোল্ডারে অ্যাক্টিভিটি ভিত্তিক Classroom instruction এবং phrase-এর অডিও রয়েছে যা আপনি সরাসরি শ্রেণিতে ব্যবহার করতে পারবেন।

পেশাগত দক্ষতা উন্নয়নে ভিডিওর ব্যবহার:

- ভিডিওর টেকনিকগুলো শ্রেণিতে অনুশীলনকরার জন্য Series 1, Unit 1 থেকে পর্যায়ক্রমে শুরু করুন; এরপর Series 2 দেখুন।
- প্রতিটি ভিডিও কয়েকবার দেখুন এবং ভিডিও গাইড যে আলোচনা ও প্রশ্নগুলো করছেন সেগুলো নিয়ে ভাবুন;
- প্রতিটি ইউনিটের টেকনিকগুলো ক্লাসে কতদিন অনুশীলণ করবেন তা নির্ভর করে সংশ্লিষ্ট ইউনিটের পরিসর ও প্রকৃতির উপর। তবে সবচেয়ে ভালো হয় যদি এক একটি ইউনিট কমপক্ষে এক থেকে দুই মাস অনুশীলণ করেন;

তথ্যপত্র ০৮: ডিজিটাল উপকরণ পরিচিতি

3. EL4T (English Language for Teacher): এই ফোল্ডারটি শিক্ষকদের ইংরেজি ভাষা-দক্ষতা উন্নয়নের জন্য self-study উপকরণ।

- **PLAs:** এই ফোল্ডারে শিক্ষকদের ইংরেজি শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়নের জন্য ৩০টি Primary Learning Activity বা (PLA) লেসন রয়েছে।
- **Extra:** এই ফোল্ডারে রয়েছেBBC Pron এবং BBC Vocab নামে দুটো ফোল্ডার।BBC Pron ফোল্ডারে রয়েছে Pronunciation প্র্যাকটিসের জন্য ২৫টি অডিও ফাইল। আর BBC Vocab ফোল্ডারে রয়েছে ইংরেজি Vocabulary প্র্যাকটিসেরজন্য ৩৮টি অডিও ফাইল।
- পাঠগুলো পর্যায়ক্রমে শুরু করা ভালো, কারণ এগুলো সহজ থেকে ধীরে ধীরে কঠিনের দিকে যাবে। সম্ভব হলে একজন সহকর্মীর সাথে অ্যাক্টিভিটিগুলো চর্চা করুন।

তথ্যপত্র ০৯: ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ পরিচিতি

পাঠ্যপুস্তক:

- পাঠ্যপুস্তকের শুরুতে একটি সাধারণ নির্দেশনা দেওয়া হয়েছে ।
- শিক্ষাক্রমে ভাষা দক্ষতার গুরুত্ব অনুযায়ী পাঠ্যপুস্তকের বিষয়বস্তু প্রণয়ন করা হয়েছে।
- পাঠের কার্যক্রমে শিক্ষার্থীদের সম্পৃক্ত করা হয়েছে।

- ৩য় শ্রেণির বিষয়বস্তু **ইউনিট** ও **পাঠে** বিভক্ত করা হয়েছে। তবে এই পাঠ্যপুস্তকগুলোর বিষয়বস্তু প্রতিটি পিরিয়ডে ভাগ না করে, ২টি বা ৩টি পিরিয়ডে একসাথে উপস্থাপন করা হয়েছে। শিক্ষার্থীদের সামর্থ্য, শ্রেণিকক্ষের অবস্থা ও অবস্থান অনুয়ায়ী শিক্ষকের পিরিয়ডের সংখ্যা নির্ধারণের সুযোগ থাকবে।
- প্রত্যেক পিরিয়ডে পাঠের বিষয়বস্তু উপস্থাপনে **ইনপুট, প্র্যাকটিস** এবং **টাস্ক** (আইপিটি) পদ্ধতি অনুসরণ করা হয়েছে।
- পাঠের বিষয়বস্তু পুন:পুন: অনুশীলন করার সুযোগ রাখা হয়েছে।
- সংখ্যা (Ordinal এবং Cardinal) এবং এর গণনা সন্নিবেশ করা হয়েছে।
- পাঠ্যপুস্তকের চিত্র/ছবিগুলো এমনভাবে সন্নিবেশন করা হয়েছে যাতে শিক্ষার্থীরা পাঠের বিষয়বস্তু সহজে ও আনন্দের সাথে আয়ত্ব করতে পারে। ফলে বয়স ও শ্রেণি অনুযায়ী শিখন তরান্বিত হবে। অধিকাংশ ক্ষেত্রে অ্যানিমেটেড বা কার্টুন চিত্র ব্যবহার করা হয়েছে যা শিক্ষার্থীদের কল্পনাশক্তি বৃদ্ধিতে সহায়তা করবে।
- শ্রেণি অনুযায়ী পাঠ-সংশ্লিষ্ট একটি শব্দতালিকা বইয়ের শেষে সংযোজন করা হয়েছে।
- জীবনঘনিষ্টবিষয় ব্যবহার করা হয়েছে যা কমিউনিকেটিভ এপ্রোচকে আরও জোরদার করেছে।
- ৪র্থ ও ৫ম শ্রেণিতে Language focus আলাদাভাবে উল্লেখ করা হয়েছে।
- ৪র্থ ও ৫ম শ্রেণিতে letter সংযোজন করা হয়েছে।
- **৫ম শ্রেণিতে** filling out forms, interviews- এর উপর বিষয়বস্তু সংযোজন করা হয়েছে।

শিক্ষক সংস্করণ:

- প্রতিটি শিক্ষক সংস্করণের শুরুতেই শিক্ষকদের জন্য এর ব্যবহারের একটি সাধারণ নির্দেশনা দেওয়া আছে।
- বাম পাশে পাঠ্যপুস্তকের বিষয়বস্তু এবং ডান পাশে পিরিয়ড অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়বস্তুর শিখন-শেখানো কার্যাবলি উপস্থাপনের নির্দেশনা দেওয়া আছে।
- শুরুতেই প্রতিটি লেসনের জন্য অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল, পাঠ বিভাজন নির্ধারণ করা হয়েছে।
- ভাষার দক্ষতা অনুয়ায়ী যোগ্যতাগুলোকে উল্লেখ করা হয়েছে, যাতে শিক্ষক পাঠের বিষয়বস্তু থেকে শিক্ষাক্রম অনুযায়ী শিক্ষার্থীদের শিখনফল অর্জনে সহায়তা করতে পারেন।
- পাঠগুলোকে সম্ভাব্য পিরিয়ডে বিভাজন করা হয়েছে ।
- পাঠ বিভাজন অনুযায়ী প্রতিটি পাঠের জন্য নির্দিষ্ট পাঠাংশ, পৃষ্ঠা নম্বর, পাঠের বিষয়বস্তু, উপকরণ, পাঠ অনুযায়ী শিখনফল (নম্বর) ও শিখন-শেখানো কার্যাবলি ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়েছে ।
- শিখন-শেখানো কার্যাবলির মধ্যেই মূল্যায়ন কৌশল ও প্রক্রিয়ার ব্যবস্থা রাখা হয়েছে ।
- শিখনফল অনুযায়ী শিখন-শেখানো কার্যাবলিতে প্রতিটি অ্যাক্টিভিটি বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।
- প্রতিটি পাঠের ক্ষেত্রে শিক্ষার্থীদের অংশগ্রহনের উপর ভিত্তি করে অ্যাক্টিভিটিগুলো সাজানো হয়েছে।
- পাঠ সংশ্লিষ্ট ছবি ও অন্যান্য উপকরণ ব্যবহারের সুযোগ হয়েছে।
- শিক্ষার্থীদের ভাষা দক্ষতা বৃদ্ধিতে উপযুক্ত শিখন-শেখানো কার্যাবলি ও উপকরণ নির্ধারণ করা হয়েছে।

- শিখন-শেখানো কার্যাবলি Communicative Language Teaching – পদ্ধতির উপর ভিত্তি করে সাজানো হয়েছে, এবং পাশাপাশি ইংরেজিতে classroom language ব্যবহারের উপর জোর দেওয়া হয়েছে।
- Listening textগুলো শিক্ষক সংস্করণের শেষে উত্তরসহ সংযোজন করা হয়েছে।
- প্রযোজ্য ক্ষেত্রে ডিজিটাল উপকরণের file name শিখন শেখানো কার্যাবলিতে উল্লেখ করা হয়েছে।

তথ্যপত্র ১০: মূল্যায়ন পদ্ধতি ও টুলস

প্রাথমিক মূল্যায়ন কৌশল ও টুলস।

তথ্যপত্র ১১: সামষ্টিক মূল্যানের আলোকে প্রশ্নপত্র প্রণয়ন (Unseen comprehension)

My name is Aleya. I live in Cox's bazar, a beautiful city in the division of Chittagong by the Bay of Bengal. Cox's bazar is famous for its longest beach and other natural sceneries. I often visit the beach. I feel very delighted to see the sea. During the winter, sea is usually quiet and calm. But in monsoon, the sea is quite different. The waves start roaring and sometimes it becomes dangerous and washes away households, trees, cattle etc. Still the sea has special attraction for which people from home and abroad come to visit Cox's bazar. Sometimes our school authority organizes tour to the beach. I enjoy it very much.

Probable questions:

MCQ

Choose the correct answer

1. Where is Cox's bazar situated? In the division of ....
   a. Khulna b. Rajshahi c. Dhaka d. Chittagong

2. Who organises tour to the beach?
   a. Head Teacher b. Teachers c. Parents d. School authority

True/false questions

Write true/false. If false, give the correct answer.

1. In monsoon, the sea is quite rough.
2. The Cox's bazar doesn't have any attraction for people.

Matching

Match the given words with their meaning

words	meaning
a. famous b. abroad	• far • well known • foreign country

Gap filling

Fill in the blanks

1. Aleya feels ----------when she goes to the beach.
2. People from different places come to ----------Cox's bazar.

Short answer questions

Answer the following questions in short

1. Why is Cox's bazar a nice city?
2. How is the sea in the winter?

Class 3 Unit 35
Lessons 1- 3
My friend

Attainable Competencies: Students will be able

Listening: 4.3 to enjoy and understand simple stories.

Speaking: 3.1 to ask and answer simple Wh and Yes/No questions.

Reading: 5.1 to read silently with understanding simple sentences, paragraphs and other texts.

Writings: 3.1 to write words, phrases and sentences using non-cursive capital and small letters.

8.1 to write words, phrases and sentences from the textbook or model presented by the teacher.

10.1 to write short and simple paragraphs by answering a set of questions

Learning outcomes: Students will be able to

Listening: 4.3.1 enjoy and understand simple stories.

Speaking: 3.1.1 ask and answer Wh questions.

Reading: 5.1.1 read simple paragraphs

Writings: 3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.

3.1.2 write words, phrases and sentences using non-cursive small letters.

8.1.1 write words from the textbook or model.

8.1.2 write phrases from the textbook or model.

8.1.3 write sentences from the textbook or model.

10.1.1write short and simple paragraphs by answering a set of questions.

পাঠ বিভাজনঃ ৩ পিরিয়ড

পিরিয়ডঃ ১

পাঠ্যাংশঃA

পৃষ্ঠাঃ ৭০

বিষয়বস্তুঃ Listen and read.

উপকরণঃ পাঠ্যপুস্তক , CD/AUDIO, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি

শিখনফল

Listening: 4.3.1

Reading: 5.1.1

শিখন- শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। এক্ষেত্রে ক্লাসের সময় অনুযায়ী Good morning বাGood afternoon বা Hello বলুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, "How are you today? তাদেরকে "Fine, thank you." বলতে উৎসাহিত করুন। সম্ভব হলে, শিক্ষার্থীদের নিয়ে একটি Greeting song গান/প্লে করুন।
- শিক্ষার্থীদের page 70খুলতে বলুন। ছবিটি দেখতে বলুন এবং ভাবতে বলুন ছবিটি কী হতে পারে। দুই/তিনজন শিক্ষার্থীকে তাদের ভাবনা সবার কাছে বলতে বলুন। তাদের ধন্যবাদ দিন।
- এবার আপনি পড়ুন/ অডিও ফাইলঃ C3U35L1-3A প্লে করুন এবং শিক্ষার্থীদের মনোযোগ মনোযোগ দিয়ে paragraph টি শুনতে বলুন। প্রতিটি বাক্যের পরে বিরতি দিন।
- paragraph টি সম্পর্কে ছোট ছোট কিছু প্রশ্ন করুন এবং শিক্ষার্থীদের উত্তর দিতে সহায়তা করুন।
- paragraph টি আবার পড়ুন/ অডিওটি পুনরায় প্লে করুন। প্রতিটি বাক্যের পরে বিরতি দিন এবং শিক্ষার্থীদের আপনার সাথে সাথে পড়তে বলুন।
- শিক্ষার্থীদের জোড়া গঠন করতে বলুন। paragraph টি একে অপরকে ইংরেজিতে পড়ে শোনাতে বলুন। প্রত্যেক জোড়াকে দেখতে চেষ্টা করুন এবং সবাই paragraph টি পড়তে পারছে কিনা নিশ্চিত করুন। প্রয়োজনে সাহায্য করুন।
- শিক্ষার্থীরা তাদের জায়গায় বসে কাজটি সঠিকভাবে করতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে মূল্যায়ন করুন। ক্লাসে ঘুরে ঘুরে দেখুন ও প্রয়োজনে সহায়তা করুন।
- আজকের পাঠে শিক্ষার্থীরা কী শিখলো তা জানতে চান।